

৪৭ ফেব্রুয়ারি

# আবাসিক ভবনে স্কুল কলেজ ক্লিনিক বন্ধে যৌথ বাহিনীর নির্দেশ

**ওমর ফারুক**

রাজধানীর আবাসিক এলাকায় আবাসিক ভবনে স্কুল, কলেজ, ক্লিনিক ও ব্যবসায়িক প্রতিষ্ঠানসহ সব ধরনের অনাবাসিক কার্যক্রম বন্ধ করতে রাজউকের সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দিয়েছে যৌথ বাহিনী। একই সূত্রে রাজউকের দুর্নীতিবাজ কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ও শাস্তিনুলক ব্যবস্থা গ্রহণ এবং ছয়টি হাইরাইজ ভবন ও দুটি বেসরকারি আবাসন প্রকল্প সম্পর্কেও বিস্তারিত তথ্য চেয়েছে যৌথ বাহিনী। জরুরি অবস্থায় ধেমারিক প্রশাসন ও আইন-শৃংখলা বাহিনীর সহায়তায় যোতায়নকৃত যৌথ বাহিনীর ততীয় সভা থেকে এ নির্দেশনা দেয়া হয়। সভায় সেনাবাহিনী, বিডিআর, পুলিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ওয়াশা, তেমা, তিতাস গ্যাস, রাজউক, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়সহ রাজধানীর আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার দায়িত্বে নিয়োজিত সব সংস্থার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। ১৩ মার্চ অনুষ্ঠিত এ সভায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) কর্মকর্তারা জরুরি অবস্থায় গৃহীত পদক্ষেপগুলো তুলে ধরে তাদের পরিকল্পনার কথা জানালে সভা থেকে এ মর্মে নির্দেশনা দেয়া হয়

যে, ওলশান, বনানী, বারিধারা ও ধানমন্ডিসহ বিভিন্ন আবাসিক এলাকায় আবাসিক ভবনে খোলা স্কুল, কলেজ, ক্লিনিক, ব্যবসায়িক প্রতিষ্ঠান ইত্যাদির মতো সব অনাবাসিক কার্যক্রম বন্ধ করতে হবে। রাজউক তার সিদ্ধান্ত অবিলম্বে বাস্তবায়ন করবে। রাজউকের দুর্নীতিবাজ কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে বিভাগীয় ও

## সিদ্ধান্ত বাস্তবায়নে জরুরি ব্যবস্থা নিচ্ছে রাজউক

শাস্তিনুলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। রাজউকের অধীনে উচ্ছেদ কার্যক্রম সুনির্দিষ্টভাবে পরিচালনা করতে হবে। অননুমোদিত ভবনের ব্যাপারে সভায় বলা হয়, অননুমোদিত উচ্চতার উপরমুখী অবৈধভাবে সম্প্রসারণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। একটি স্থাপনা ৬ ভলা পর্যন্ত অননুমোদন করে যদি কেউ তা ৭ ভলা পর্যন্ত নির্মাণ করে থাকেন, নেক্ষেত্র নির্মাণকারীর কাছ থেকে

দুর্নীতমূলক জরিমানা আদায় করে তা বিধি মোতাবেক নিষ্পত্তি করা যেতে পারে। তবে এর খেলি অবৈধ ও অননুমোদিত নির্মাণের ক্ষেত্রে পর্যাপ্ত নির্মাণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ ও অবৈধ নির্মিত অংশ ভেঙে ফেলতে হবে। এছাড়া ওলশান-১ এর রূপায়ণ টাওয়ার, বনানী কামাল আতাউর এডিনিউতে দুইট ড্রিম ও একই সড়কে পেট্রোলপাম্পের স্থানে নির্মাণাধীন প্রাসাদ পেন্টার, বনানী বাণিজ্যিক এলাকায় হোটেল সারিনা, বারিধারা লেক সংলগ্ন নরিয়ম টাওয়ার ও ভেঙ্গপাও পিল্ল এলাকায় হার্মিম টাওয়ার নামের বহুতল ভবনগুলোর নকশা অননুমোদন ও নির্মাণ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে রাজউককে। ঢাকা মহানগরীর চতুর্দিকে বাস্তবায়নাধীন বেসরকারি আবাসিক প্রকল্পগুলোর তথ্যাদি যৌথ বাহিনীকে জানাতে হবে। এর পাশাপাশি বৃষ্টিগঙ্গা তীরে বাস্তবায়নাধীন বেসরকারি আবাসিক প্রকল্প বসুন্ধরা রিভার ভিউ এবং রায়েরবাজার-হাজারীবাগ এলাকায় বাস্তবায়নাধীন শিকদার রিয়েল এস্টেট কর্তৃক খাল ভরাটের বিষয়ে তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। রাজউক ভবনে : পৃষ্ঠা ২ : কলাম ৫

**ভবনে : আবাসিক**  
(৫৫ পৃষ্ঠার পর)

ভবন, আবাসিক এলাকায় অনাবাসিক কার্যক্রম বন্ধের সিদ্ধান্ত নিয়েছে রাজউক। এ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দু'মাস ধরে উচ্ছেদ অভিযান চলছে। তবে আবাসিক এলাকার হাঙ্গামাজাল, ক্লিনিক, স্কুল, কলেজ ইত্যাদি বন্ধের নির্দেশ নিয়ে রাজউক শিগগিরই সংশ্লিষ্টদের কাছে নোটিশ আরি করবে, নোটিশে অবৈধ স্থাপনা সম্বন্ধে দু'মাস সময় দেয়া হবে। এর মধ্যে না সরলে উচ্ছেদ অভিযান চালাতে পরিবে দেয়া হবে। তিনি বলেন, আপাতত প্রধান প্রধান আবাসিক এলাকার মধ্যে এ অভিযান সীমাবদ্ধ থাকবে। এদর এলাকা পরিষ্কার করার পর অন্যান্য এলাকায় হাত দেয়া হবে।